রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, জুন ২০, ২০১০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**উপজেলা-০১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৬ আষাঢ় ১৪১৭ বঙ্গাব্দ/২০ জুন ২০১০ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২২৬-আইন/২০১০।**—উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ধারা ৬৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা উপজেলা পরিষদ বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ২০১০ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **'অর্থ-বৎসর'** অর্থ জুলাই মাসের ১ তারিখ হইতে শুরু করিয়া জুন মাসের ৩০ তারিখে যে বৎসর শেষ হয়;

(২) **'আইন'** অর্থ উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) (২০০৯ সনের ২৭ নং আইন দ্বারা পুনঃপ্রচলিত ও সংশোধিত);

(৩) **'চেয়ারম্যান'** অর্থ উপজেলা পরিষদের চেয়ারম্যান;

(৪) **'ধারা'** অর্থ উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর কোন ধারা;

(৫) **'পরিষদ'** অর্থ উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) (২০০৯ সনের ২৭ নং আইন দ্বারা পুনঃপ্রচলিত ও সংশোধিত) এর ধারা ৬ অনুযায়ী গঠিত উপজেলা পরিষদ;

(৬) **'ফরম'** অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত কোন ফরম;

(৭) **'বাজেট'** অর্থ পরিষদের এক অর্থ বৎসরের আয় ব্যয়ের হিসাব সম্বলিত বিবরণী;

(৮) **'তহবিল'** অর্থ আইনের ৩৫ ধারায় বর্ণিত তহবিল।

৩। **বাজেট প্রণয়ন**।—(১) আইনের ধারা ৩৮ এর বিধান সাপেক্ষে পরিষদ প্রতি অর্থ বৎসর শুরু হইবার অন্ততঃ ৬০ (ষাট) দিন পূর্বে উক্ত বৎসরের আয় ও ব্যয় সম্বলিত বিবরণী, অতঃপর বাজেট বলিয়া উল্লিখিত, ফরম 'খ' অনুযায়ী প্রস্তুতকরতঃ ফরম 'ক' অনুযায়ী বাজেটের সার-সংক্ষেপসহ বিধি-৭ এ উল্লেখিত পরিষদের বিশেষ সভায় অনুমোদনের জন্য দাখিল করিবে এবং একই ধারার উপ-ধারা (১) এবং (২) অনুসারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবে।

(২) পরিষদের বাজেট নিম্নবর্ণিত দুইটি অংশে বিভক্ত হইবে, যথা ঃ—

(ক) ১ম অংশ—রাজস্ব হিসাব; এবং

(খ) ২য় অংশ—উন্নয়ন হিসাব।

(৩) ফরম 'খ' এর দুইটি অংশ থাকিবে, যাহার ১ম অংশে উল্লিখিত আয় ও ব্যয় রাজস্ব হিসাবে এবং ২য় অংশে উল্লিখিত আয় ও ব্যয় উন্নয়ন হিসাবে প্রদর্শন করিতে হইবে।

৪। **আয় ও ব্যয়ের খাতওয়ারী শ্রেণীবিন্যাস**।—(১) ফরম 'খ' মোতাবেক সকল আয় ও ব্যয় পৃথক হিসাবের খাতে বিন্যাস করিতে হইবে।

(২) সকল প্রকার ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থের পরিমাণ পৃথকভাবে প্রতিটি হিসাবের খাতে প্রদর্শন করিতে হইবে।

(৩) বিশেষ প্রকল্পের জন্য, প্রয়োজন অনুযায়ী, নির্ধারিত অর্থের হিসাব পৃথকভাবে যথাযথ হিসাবের খাতে নির্দিষ্ট করিতে হইবে।

৫। **বাজেট বিবরণী**।—পরিষদ উহার বাজেটের সহিত সংশ্লিষ্ট অর্থ বৎসর সংক্রান্ত নিম্নবর্ণিত বিবরণীসমূহ সংযুক্ত করিবে, যথা ঃ—

(ক) ফরম 'গ' অনুযায়ী নিয়মিত কর্মকর্তা কর্মচারীদের বিবরণ এবং বেতন ভাতাদি বাবদ বার্ষিক প্রয়োজনীয় অর্থের পরিমাণ;

(খ) ফরম 'ঘ' অনুযায়ী বিশেষ প্রকল্পের জন্য সরকার হইতে প্রাপ্ত অর্থ এবং উহার সম্ভাব্য ব্যয় ও অর্থ বৎসর শেষের উদ্বৃত্তের বিবরণী;

(গ) কোন অর্থ বৎসরের বাজেটের নতুন খাতে বাজেটে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হইলে উহার যৌক্তিকতাসহ বিস্তারিত ব্যাখ্যা;

(ঘ) চলতি অর্থ বৎসর এবং পরবর্তী অর্থ বৎসরে কোন ব্যয়ের খাতে ব্যয়ের পরিমাণে উল্লেখযোগ্য হ্রাস-বৃদ্ধি ঘটিলে উহার কারণ সম্বলিত ব্যাখ্যা;

(ঙ) সংশোধিত বাজেট প্রণয়নে যৌক্তিকতাসহ উহার পরিমাণ।

৬। **বাজেট প্রণয়ন পদ্ধতি।**—(১) বাজেট বিবরণীতে আইনের ধারা ৩৫ অনুসারে সম্ভাব্য প্রাপ্য আয়ের এবং আইনের ধারা ৩৭ অনুসারে সম্ভাব্য ব্যয়ের বিষয়াদি সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন বাজেট বিবরণীতে প্রকল্পের বরাদ্দ বা খাতসমূহ পাঁচশালা ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনার নিরিখে করিতে হইবে এবং পরিকল্পনা বইয়ে অন্তর্ভুক্ত নাই এইরূপ নূতন প্রকল্পে বাজেট বরাদ্দ রাখা যাইবে না।

৭। **বাজেট অনুমোদনের জন্য বিশেষ সভা।**—অর্থ বৎসরের পূর্ববর্তী ৩১ মে তারিখের মধ্যে পরিষদের বাজেট উহার একটি বিশেষ সভা কর্তৃক বিবেচিত ও অনুমোদনপূর্বক তাহার অনুলিপি সরকার, সংশ্লিষ্ট জাতীয় সংসদ সদস্য এবং জেলা প্রশাসকের নিকট দাখিল করিতে হইবে।

৮। **সার্টিফিকেশন অব দি বাজেট।**—বিধি ৭ অনুসারে বিশেষ সভা আহ্বান না করিতে পারিলে বা অন্য কোন কারণে পরিষদ উহার বাজেট অর্থ বৎসর শুরু হইবার পূর্বে অনুমোদন করিতে ব্যর্থ হইলে সরকার আইনের ধারা ৩৮ এর (৩) এ উল্লিখিত উপায়ে উক্ত অর্থ বৎসরের জন্য একটি আয়-ব্যয়ের বিবরণী প্রস্তুত করাইয়া উহা প্রত্যয়ন করিবে এবং এইরূপ প্রত্যায়নকৃত বিবরণী পরিষদের ঐ বৎসরের অনুমোদিত বাজেট বলিয়া গণ্য হইবে।

৯। **ব্যয়ের খাত উপযোজন।**—বাজেটের প্রতিটি খাতে বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত কোন ব্যয় নির্বাহ করা যাইবে না ঃ

তবে শর্ত থাকে যে, দায়যুক্ত ব্যয় না হইলে পরিষদ কোন খাতের অনূর্ধ্ব ১০% অর্থ অন্য খাতে পুনঃ উপযোজন করিতে পারিবে।

১০। **ন্যূনতম সমাপ্তি জের।**—পরিষদের হিসাবে কমপক্ষে এক মাসের প্রাতিষ্ঠানিক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় অর্থ সমাপ্তি জের হিসাবে থাকিবে।

১১। **সংশোধিত বাজেট**।—অনুমোদিত বাজেটে উল্লিখিত আয় ও ব্যয়ের সহিত প্রকৃত আয় ও ব্যয়ের তারতম্য পরিলক্ষিত হইলে বা প্রয়োজন হইলে পরিষদ উক্ত অর্থ বৎসরের জন্য একটি সংশোধিত বাজেট প্রণয়ন ও অনুমোদন করিতে পারিবে এবং এইরূপ সংশোধিত বাজেট প্রণয়নের ক্ষেত্রে আইনের ধারা ৩৮ এবং এই বিধির বিধানাবলী প্রযোজ্য হইবে।

১২। **বিশেষ প্রকল্প ও বিষয় সুনির্দিষ্টভাবে তহবিলে অন্তর্ভুক্তকরণ**।—সরকার কোন বিশেষ প্রকল্প চালু বা বিশেষ কার্যাদি সম্পন্নের জন্য অর্থ বরাদ্দ করিলে সংশ্লিষ্ট অর্থ বৎসরের জন্য প্রণীতব্য বাজেটে বা, ক্ষেত্রমত, সংশোধিত বাজেটে উক্ত অর্থ অন্তর্ভুক্ত করিতে হইবে।

১৩। **রহিতকরণ**।—এই বিধিমালা প্রবর্তনের সংগে সংগে ইতিপূর্বে জারিকৃত এতদ্‌সংক্রান্ত বিধি, পরিপত্র এবং নির্দেশনাসমূহ, যদি থাকে, রহিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর হোসেন**
সচিব।

**ফরম ক**

(বিধি-৩ দ্রষ্টব্য)

বাজেট সার-সংক্ষেপ

| বিবরণ | | পূর্ববর্তী বৎসরের প্রকৃত | চলতি বৎসরের বাজেট বা চলতি বৎসরের সংশোধিত বাজেট | পরবর্তী বৎসরের বাজেট |
|---|---|---|---|---|
| অংশ-১ | **রাজস্ব হিসাব**<br>**প্রাপ্তি**<br>রাজস্ব<br>অনুদান | | | |
| | মোট প্রাপ্তি | | | |
| | বাদ রাজস্ব ব্যয় | | | |
| | রাজস্ব উদ্বৃত্ত/ঘাটতি **(ক)** | | | |
| অংশ-২ | **উন্নয়ন হিসাব**<br>উন্নয়ন অনুদান | | | |
| | অন্যান্য অনুদান ও চাঁদা | | | |
| | **মোট (খ)** | | | |
| | মোট প্রাপ্ত সম্পদ **(ক+খ)** | | | |
| | বাদ উন্নয়ন ব্যয় | | | |
| | সার্বিক বাজেট উদ্বৃত্ত/ঘাটতি | | | |
| | যোগ প্রারম্ভিক জের **(১ জুলাই)** | | | |
| | **সমাপ্তি জের** | | | |

**ফরম খ**

(বিধি-৩ এবং আইনের চতুর্থ তফসিল দ্রষ্টব্য)

----------- উপজেলা পরিষদের বাজেট

অর্থ বৎসর--------------------------

রাজস্ব হিসাব

প্রাপ্ত আয়

অংশ-১

| আয় | | | |
|---|---|---|---|
| প্রাপ্তির বিবরণ | পূর্ববর্তী বৎসরের প্রকৃত আয় | চলতি বৎসরের বজেট বা সংশোধিত বজেট | পরবর্তী বৎসরের বাজেট |
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |
| | | | |

## অংশ-১ রাজস্ব হিসাব

### ব্যয়

| ব্যয় | | | |
|---|---|---|---|
| ব্যয়ের খাত | পূর্ববর্তী বৎসরের প্রকৃত ব্যয় | চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট | পরবর্তী বৎসরের বাজেট |
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। সাধারণ সংস্থাপন/প্রাতিষ্ঠানিক<br>ক. সম্মানী/ভাতা<br>খ. কর্মকর্তা কর্মচারিদের বেতন-ভাতা—<br>(১) পরিষদ কর্মচারি<br>(২) দায়যুক্ত ব্যয় (সরকারী কর্মচারি সম্পর্কীত)<br>গ. অন্যান্য প্রাতিষ্ঠানিক ব্যয়<br>ঘ. আনুতোষিক তহবিলের স্থানান্তর<br>ঙ. যানবাহন মেরামত ও জ্বালানী<br>২। কর আদায়ের জন্য ব্যয়<br>৩। অন্যান্য ব্যয়<br>ক. টেলিফোন বিল<br>খ. বিদ্যুৎ বিল<br>গ. পৌর কর<br>ঘ. গ্যাস বিল<br>ঙ. পানির বিল<br>চ. ভূমি উন্নয়ন কর<br>ছ. অভ্যন্তরিণ অডিট ব্যয়<br>জ. মামলা খরচ<br>ঝ. আপ্যায়ন ব্যয়<br>ঞ. রক্ষণাবেক্ষণ এবং সার্ভিসের জন্য ব্যয়<br>ট. অন্যান্য পরিশোধযোগ্য কর/বিল<br>ঠ. আনুষাঙ্গিক ব্যয়<br>৪। কর আদায় খরচ (বিভিন্ন রেজিস্টার, ফরম, রশিদ বই ইত্যাদি মুদ্রণ)<br>৫। বৃক্ষ রোপণ ও রক্ষণাবেক্ষণ<br>৬। সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান ঃ<br>ক. উপজেলা এলাকার বিভিন্ন প্রতিষ্ঠান/ক্লাব আর্থিক অনুদান<br>৭। জাতীয় দিবস উদ্‌যাপন<br>৮। খেলাধূলা ও সংস্কৃতি<br>৯। জরুরী ত্রাণ<br>১০। রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন হিসেবে স্থানান্তর | | | |
| মোট ব্যয় (রাজস্ব হিসাব) | | | |

## অংশ-২ উন্নয়ন হিসাব

### প্রাপ্তি

| আয় | | | |
|---|---|---|---|
| প্রাপ্তির বিবরণ | পূর্ববর্তী বৎসরের প্রকৃত প্রাপ্তি | চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট | পরবর্তী বৎসরের বাজেট |
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। অনুদান (উন্নয়ন)<br>ক. সরকার<br>খ. অন্যান্য উৎস (যদি থাকে, নির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে)<br>২। স্বেচ্ছা প্রনোদিত চাঁদা<br>৩। রাজস্ব উদ্বৃত্ত | | | |
| মোট প্রাপ্তি (উন্নয়ন হিসাব) | | | |

## অংশ ২- উন্নয়ন হিসাব

**ব্যয়**

| **ব্যয়** | | | |
|---|---|---|---|
| ব্যয় বিবরণ | পূর্ববর্তী বৎসরের প্রকৃত ব্যয় | চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট | পরবর্তী বৎসরের বাজেট |
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। কৃষি ও সেচ<br>২। শিল্প ও কুটিরশিল্প<br>৩। ভৌত অবকাঠামো<br>৪। আর্থ-সামাজিক অবকাঠামো<br>৫। ক্রীড়া ও সংস্কৃতি<br>৬। বিবিধ (প্রয়োজনে অন্যান্য খাতের এইরূপ ব্যয় উল্লেখ করিতে হইবে)।<br>৭। সেবা<br>৮। শিক্ষা<br>৯। স্বাস্থ্য<br>১০। দারিদ্র্য হ্রাসকরণ ঃ সামাজিক নিরাপত্তা ও প্রাতিষ্ঠানিক সহায়তা।<br>১১। পল্লী উন্নয়ন ও সমবায়<br>১২। মহিলা, যুব ও শিশু উন্নয়ন<br>১৩। দুর্যোগ ব্যবস্থা ও ত্রাণ<br>১৪। সমাপ্তি জের | | | |
| মোট ব্যয় (উন্নয়ন হিসাব) | | | |

**ফরম-গ**

(বিধি-৫ দ্রষ্টব্য)

উপজেলা পরিষদের নিয়মিত কর্মচারীদের বিবরণী

অর্থ বৎসর ---------------------------------

| বিভাগ/শাখা | ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম | মহার্ঘ ভাতা (যদি থাকে) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

| প্রদেয় ভবিষ্য তহবিল | অন্যান্য ভাতাদি | মাসিক গড় অর্থের পরিমাণ | বাৎসরিক প্রাক্কলিত অর্থের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |

**ফরম-ঘ**

(বিধি-৫ দ্রষ্টব্য)

উপজেলার কোন বিশেষ প্রকল্প বাস্তবায়নের জন্য সরকার হইতে প্রাপ্ত অর্থের বিবরণী

অর্থ বৎসর ---------------------------------

| ক্রমিক নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণী | সরকার হইতে প্রাপ্ত অর্থের পরিমাণ | চলতি অর্থ বৎসরে ব্যয়িত অথবা সম্ভাব্য ব্যয়ের পরিমাণ | সম্ভাব্য স্থিতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd